

সূত্র

প্রিন্ট: ২৪ মার্চ ২০২৬, ০১:২৯ পিএম

শিক্ষাঙ্গন

পদে বহাল জাবি ভিসি, ঈদের পর প্রো-ভিসি-কোষাধ্যক্ষ বদল

Advertisement

সূত্র

জাবি প্রতিনিধি

প্রকাশ: ১৯ মার্চ ২০২৬, ০২:৪৩ পিএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। ফাইল ছবি

দেশের নতুন সরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে প্রশাসনিক পদে পরিবর্তন শুরু করেছে। গত ১৬ মার্চ শিক্ষা মন্ত্রণালয় সাতটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য ((ভিসি) নিয়োগের ঘোষণা দেয়।



এ ছাড়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক মো. আল ফোরকান ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ফরিদুল ইসলাম।

একইসঙ্গে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনেও পরিবর্তন আনা হয়েছে। অধ্যাপক ড. এস এম এ ফায়েজ পদত্যাগ করায় তার জায়গায় নতুন চেয়ারম্যান হয়েছেন অধ্যাপক ড. মামুন আহমেদ।

জুলাই বিপ্লববিরোধী ইবির ৩০ শিক্ষক-কর্মকর্তার শাস্তি মওকুফ

সাতটি বিশ্ববিদ্যালয়ের শীর্ষ পদে রদবদল হলেও পরিবর্তনের বাইরে রয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি)। এখানে বর্তমান উপাচার্য অধ্যাপক মোহাম্মদ কামরুল আহসান তার পদে বহাল আছেন। বিষয়টি অনেকের কাছে বিস্ময়কর মনে হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সূত্র জানায়, জাবির বর্তমান প্রশাসনিক অবস্থা বিবেচনায় নিয়ে এখনই উপাচার্য পরিবর্তনের প্রয়োজন বোধ করেনি সরকার।

জানা গেছে, উপাচার্য পদ বহাল থাকলেও প্রো-ভিসি (প্রশাসন) ও প্রো-ভিসি (শিক্ষা) এবং কোষাধ্যক্ষ পদে পরিবর্তন আসবে। তবে এই নিয়োগ এখনই দেওয়া হচ্ছে না। পবিত্র ঈদুল ফিতরের ছুটির পর এসব পদে নতুন নিয়োগ দেওয়া হবে বলে জানা যায়। এসব পদে আলোচনায় রয়েছে জাবির একাধিক বিএনপিপন্থী শিক্ষক।